

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩১৪

আগরতলা, ২৭ ডিসেম্বর, ২০২৪

প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

তারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং-এর প্রয়াণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.)
মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘ড. মনমোহন সিং
ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ। দেশের প্রাক্তন অর্থমন্ত্রী ও পরবর্তী সময়ে প্রধানমন্ত্রী হিসেবে
তিনি তাঁর দক্ষতার পরিচয় দিয়েছিলেন। দেশের অর্থনীতির উন্নয়নে তাঁর অবদান দেশবাসী
দীর্ঘকাল স্মরণ করবে। ড. মনমোহন সিং-এর প্রয়াণে দেশ একজন বিচক্ষণ, গুণী এবং সজ্জন
রাজনীতিবিদকে হারালো।’

শোকবার্তায় মুখ্যমন্ত্রী প্রয়াত মনমোহন সিং-এর বিদেহী আত্মার চিরশান্তি কামনা
করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান।
